

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
৯৮, শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮।  
Web : www.dlrs.gov.bd

নম্বর নং-৩১.০৩.২৬৯২.০০৩.১৯.০০২.২০- ৯৮

তারিখ- ২০/০৯/১৪২৯ বঙ্গাব্দ।  
০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

অধিদপ্তরের ২৭.১২.২০২২ খ্রি. তারিখের ৩১.০৩.২৬৯২.০০৩.১৯.০০২.২০-১৯২৮ নম্বর নং অফিস আদেশ অনুযায়ী জোনাল সেটেলমেন্ট অফিস/সেটেলমেন্ট অফিসের অধীন বিভিন্ন উপজেলা সেটেলমেন্ট অফিসের চলমান জরিপের বিভিন্ন স্তরে প্রতারণামূলক (Fraudulent entry) অন্তর্ভুক্তির রেকর্ড সংশোধনের জন্য প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ এর ৪২ (এ) বিধিতে মিসকেস রুজু এবং এস.এস. ম্যানুয়াল, ১৯৩৫ এর ৫৩৩ বিধিতে প্রতারণামূলক অন্তর্ভুক্তি ছেদনের (Excision) ক্ষেত্রে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের পূর্বানুমতি কিংবা অনুমোদনের প্রয়োজন হবে না।

এ সংক্রান্ত বিধি উদ্ধৃত করা হলো :

**42A. Correction of fraudulent entry before final Publication of record-of-rights.-**

The Revenue-officer, with the additional designation of 'Settlement Officer' shall, on receipt of an application or on receipt of an official report for the correction of an entry that has been procured by fraud in record-of-rights before final publication thereof, after consulting relevant records and making such other enquiries as he deems necessary, direct excision of the fraudulent entry and his act in doing so shall not be open to appeal. At the same time, the Revenue-officer shall make the correct entry after giving the parties concerned a hearing and recording his finding in a formal proceeding for the purpose of future reference.

533. It has been ruled that where it is desired to correct an entry in the finally-published records that has been procured by fraud the Settlement Officer has an inherent right to order excision of the fraudulent entry, and his act in doing so is a ministerial act, not open to appeal. At the same time the Settlement Officer should make the correct entry, leaving a note against the excised entry that it is fraudulent, and either stating his reasons in the entry that it is fraudulent, and either stating his reasons in the record or making in the record a reference to a proceeding in which those reasons have been stated, as may be more convenient.

উল্লেখ্য, ৪২ (এ) এবং ৫৩৩ বিধিতে দাখিলকৃত আবেদন নিম্নবর্ণিত পন্থায় সম্পন্ন করতে হবে।

- ০১। প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ এর ৪২ (এ) এর আবেদন চূড়ান্ত প্রকাশনার আগে গ্রহণ করা যাবে। চূড়ান্ত প্রকাশনার পরে নয়।
- ০২। ৪২ (এ) বিধিতে আবেদন এবং অফিসিয়াল রিপোর্ট কেবল প্রতারণামূলক (Fraudulent entry) অন্তর্ভুক্তি এর ক্ষেত্রে গ্রহণ করা যাবে।
- ০৩। এস.এস. ম্যানুয়ালের ৫৩৩ বিধিতে আবেদন চূড়ান্ত প্রকাশনা চলাকালীন গ্রহণ করা যাবে।

০৪/০১/২০২৩

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য :

- ০৪। ৫৩৩ বিধির আবেদন কিংবা স্বতঃপ্রবৃত্ত (Suo Moto) হয়ে নির্ণয়কৃত প্রতারণার মাধ্যমে প্রস্তুতকৃত চূড়ান্ত রেকর্ড ছেদনের (Excision) ক্ষমতা সেটেলমেন্ট অফিসারের থাকবে। এ কাজ দৈনন্দিন কাজ (Ministrial Act) হিসেবে গণ্য হবে। এর বিরুদ্ধে আপীল হবে না।
- ০৫। ৪২ (এ) এবং ৫৩৩ এর আবেদন আবশ্যিকভাবে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।
- ০৬। ৪২ (এ) এর ক্ষেত্রে কেস নথি সৃজনপূর্বক ন্যায় বিচারের স্বার্থে উভয় পক্ষকে সর্বোচ্চ একবার করে সময় মঞ্জুর করা যাবে।
- ০৭। আদেশ সংক্ষিপ্ত, স্বয়ংসম্পূর্ণ ও সুনির্দিষ্ট হতে হবে।
- ০৮। সংশোধন সাথে সাথে তামিল করতে হবে।
- ০৯। রেজিষ্টার তৈরী করে নিয়মিত সকল কলাম পূরণ করতে হবে।
- ১০। জরিপের কোন স্তরেই পুনর্বিচারের কোন সুযোগ নেই। সংক্ষুব্ধ পক্ষ পরবর্তী স্তর এবং প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞ দেওয়ানী উচ্চ আদালতে প্রতিকার প্রার্থনা করতে পারবেন।

প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫ এর ২৮ বিধি অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

০৪.০৭.২০২২

(মোঃ এজাজ আহমেদ জাবের)

পরিচালক (ভূমি রেকর্ড)

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

ফোন : ৪১০২৪৬০৬

নম্বর নং-৩১.০৩.২৬৯২.০০৩.১৯.০০২.২০-১৮/১(২৫)

তারিখ- ২০/০৯/১৪২৯ বঙ্গাব্দ।

০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। পরিচালক (প্রশাসন/জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- ০২। জোনাল সেটেলমেন্ট অফিসার ..... (সকল)।
- ০৩। সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি।

০৪/০৭/২০২৩  
পরিচালক (ভূমি রেকর্ড)  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর